



বাংলাদেশ বার কাউন্সিল BANGLADESH BAR COUNCIL

A Statutory Autonomous Body of the Government Constituted Under President's Order No. 46 of 1972
Bar Council Bhaban, 3, Shahid Capt. Mansur Ali Sarani, Shahbag, Dhaka - 1000, Bangladesh
Phone: PABX: +88-02-9567056, +88-02-9569807, +88-02-9569809 Fax: +88-02-9554959
Email: info@barcouncil.gov.bd, bangladeshbarcouncil@gmail.com
www.barcouncil.gov.bd

নং বা.বা.কা/২০১৬/৪১৮০(৩০)

তারিখঃ ১৭-১০-২০১৬ খ্রিঃ

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বার কাউন্সিল ট্রাইবুনাল নং ০১ কর্তৃক গত খ্রিঃ ১৫/১০/২০১৬ তারিখে ০৫/২০১১ নং অভিযোগ মোকদ্দমার প্রতিপক্ষদ্বয় জনাব মোঃ শফিউল আজম চৌধুরী, অ্যাডভোকেট এবং জনাব মোঃ তসলিম উদ্দিন, অ্যাডভোকেট, চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির বিরুদ্ধে আনীত অভিযোগ পেশাগত অসদাচরণের জন্য দোষী প্রমাণিত হওয়ায় তাহাদিগকে আইন পেশা হইতে স্থায়ীভাবে অপসারণ করা হইয়াছে।

প্রতিপক্ষ অ্যাডভোকেটদ্বয়ের বিরুদ্ধে বাদী জনাব মোঃ মোসাদ্দেক চৌধুরীর অভিযোগ হইতেছে যে, একটি নালিশী সম্পত্তি বিষয়ে চট্টগ্রাম প্রথম যুগ্ম জেলা জজ আদালতে ১৮১/০৮ মোকদ্দমা দায়ের করিলে উক্ত মামলার নিয়োজিত আইনজীবী হিসাবে মামলার বিষয় অবগত থাকা সত্ত্বেও মামলা বিচারাধীন থাকা অবস্থায় প্রতিপক্ষদ্বয় পরস্পর যোগসাজশে নালিশী সম্পত্তি নিজ ও স্ত্রীদের নামে রেজিঃ বায়নানামা সৃজন করিয়াছেন বাহা পেশাগত অসদাচরণের অপরাধ ও বার কাউন্সিল অ্যাক্টস ও বিধির পরিপন্থী। পেশাগত অসদাচরণের অভিযোগ ট্রাইবুনালে প্রমাণিত হওয়ায় পেশাগত অসদাচরণের দায়ে ১ নং ট্রাইবুনালের চেয়ারম্যান জনাব মোঃ ইয়াহিয়া ও সদস্য জনাব মোঃ পারভেজ আলম খান কর্তৃক চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির অ্যাডভোকেটদ্বয় জনাব মোঃ শফিউল আজম চৌধুরী এবং জনাব মোঃ তসলিম উদ্দিন, -কে আইন পেশা হইতে স্থায়ীভাবে অপসারণের এই রায় প্রদান করিয়াছেন।

(কামনাশীষ রায়)

২৭-১০-২০১৬ খ্রিঃ
বেঞ্চ-অফিসার, ট্রাইবুনালস্
বাংলাদেশ বার কাউন্সিল।